



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-১). ২১৬৮

তারিখ: ২১/১১/২০২২ খ্রি.


## জরুরি বিজ্ঞপ্তি

ঢাকা মহানগরীসহ সারাদেশের সকল সরকারি ও বেসরকারি (মহানগর ও জেলার সদর উপজেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ে ২০২৩ শিক্ষাবর্ষে বিভিন্ন শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিদ্যালয় হতে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না। ভর্তির আবেদন শুধুমাত্র অন-লাইনে <https://gsa.teletalk.com.bd> এই ঠিকানায় পাওয়া যাবে। অন-লাইনে আবেদন গ্রহণের প্রক্রিয়া ১৬/১১/২০২২ খ্রি. সকাল ১১:০০ টা হতে শুরু হয়ে ০৬/১২/২০২২ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত চলমান থাকবে। ২০২৩ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফি ১১০/- (একশত দশ) টাকা নির্ধারণ করা হয়েছে যা শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করা যাবে।

সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে সে সকল প্রতিষ্ঠান অব্যর্থ কারণে কেন্দ্রীয় ডিজিটাল লটারি প্রক্রিয়ার সাথে যুক্ত হতে পারেননি সে সকল প্রতিষ্ঠান শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গঠিত (ভর্তি নীতিমালা অনুযায়ী) উপজেলা/জেলা ভর্তি কমিটির মাধ্যমে লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন করে ২৮/১২/২০২২ তারিখের মধ্যে ভর্তির কাজ সম্পন্ন করবেন। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া নিষ্পন্ন করা ব্যতিত অন্য কোন পরীক্ষা গ্রহণ করা যাবে না। এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ২০২৩ শিক্ষাবর্ষে ভর্তির জন্য জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুযায়ী ১ম শ্রেণিতে শিক্ষার্থীর বয়স ৬+ বছর নির্ধারণ করা হয়েছে।

ঢাকা মহানগরীসহ সারাদেশের মহানগরী পর্যায়ের বিভাগীয় সদরের মেট্রোপলিটন এলাকা ও জেলা সদরের সদর উপজেলার যে সকল বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় অব্যর্থ কারণে কেন্দ্রীয় ডিজিটাল লটারি প্রক্রিয়ার সাথে যুক্ত হতে পারেননি ঢাকা মহানগরীর ক্ষেত্রে সে সকল প্রতিষ্ঠানকে নিজস্ব ব্যবস্থাপনায় লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের পূর্বানুমতি নিতে হবে এবং লটারি অনুষ্ঠানের দিন অবশ্যই শিক্ষা মন্ত্রণালয়/মাউশি অধিদপ্তরের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। এছাড়া ঢাকা মহানগরী ব্যতীত কেন্দ্রীয় ডিজিটাল লটারি প্রক্রিয়ার বাইরের প্রতিষ্ঠানসমূহ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গঠিত (ভর্তি নীতিমালা অনুযায়ী) ভর্তি কমিটির প্রতিনিধির উপস্থিতিতে লটারি কার্যক্রমের আয়োজন করতে হবে। প্রতিষ্ঠানগুলো লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন করে ২৮/১২/২০২২ তারিখের মধ্যে ভর্তির কাজ সম্পন্ন করবেন। লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া ব্যতিত অন্য কোন পরীক্ষা গ্রহণ করা যাবে না। এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ২০২৩ শিক্ষাবর্ষে ভর্তির জন্য জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুযায়ী ১ম শ্রেণিতে শিক্ষার্থীর বয়স ৬+ বছর নির্ধারণ করা হয়েছে।

উল্লেখ্য, ২০২৩ শিক্ষাবর্ষে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনের ক্ষেত্রে আবেদন ফরমের মূল্য কোনভাবেই ১১০/- (একশত দশ) টাকার উপরে গ্রহণ করা যাবে না।

  
২১.১১.২০২২

(মোহাম্মদ আজিজ উদ্দিন)  
উপপরিচালক (মাধ্যমিক)  
ফোন : ০২-৪১০৫০২৮৩  
[dd-sec@dshe.gov.bd](mailto:dd-sec@dshe.gov.bd)